**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৬৫/২০১৮-১৯**

**ঢাকা, সোমবার ১ অক্টোবর ২০১৮, ১৬ আশ্বিন ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বাংলাদেশে নির্বাচনের সুন্দর পরিবেশ আছে : ভয়েস অভ্ আমেরিকাকে প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন আজ

৩। ইন্দোনেশিয়ায় সুনামিতে জীবন ও সম্পদহানিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

৪। সরকার সবসময় দেশীয় শিল্পকে সুরক্ষা দিয়ে নীতি প্রণয়ন করে : বাণিজ্যমন্ত্রী

৫। নির্বাচন বানচালের ষড়যন্ত্র সফল হবে না : স্বাস্থ্যমন্ত্রী

৬। ডিজিটাল নিরাপত্তা আইনের বিষয়ে সাংবাদিকদের উৎকণ্ঠা সরকার আমলে নিয়েছে : সম্পাদক পরিষদের সঙ্গে বৈঠকশেষে তথ্যমন্ত্রী

৭। ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সচেতনতা বাড়াতে ডিএনসিসি'র রোড শো

৮। দেশের প্রথম নারী মেজর জেনারেল পদে পদোন্নতি পেলেন ডা. সুসানে গীতি

৯। আন্তর্জাতিক প্রবীণ দিবস আজ

১০। বিশ্ব বসতি দিবস আজ

১১। অনূর্ধ্ব-১৮ সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপে পাকিস্তানকে ১৭-০ গোলে হারিয়েছে বাংলাদেশ

১২। বঙ্গবন্ধু গোল্ডকাপ আজ শুরু : বাংলাদেশ-লাওস প্রথম ম্যাচ

চলমান পাতা-২

**১। বাংলাদেশে নির্বাচনের সুন্দর পরিবেশ আছে : ভয়েস অভ্ আমেরিকাকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে নির্বাচন করার জন্য যথেষ্ট সুন্দর পরিবেশ আছে এবং আগামী জাতীয় সংসদ নির্বাচনের সময়ও সেটাই থাকবে। জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দেওয়ার পর যুক্তরাষ্ট্র থেকে দেশে ফেরার আগে গত ২৯ সেপ্টেম্বর শনিবার ভয়েস অভ্ আমেরিকাকে দেওয়া এক সাক্ষাতকারে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী আরো বলেন, আগের সরকারগুলো নিজেদের ইচ্ছেমত নির্বাচন কমিশন করত। আর তাঁর সময়ে রাষ্ট্রপতির মাধ্যমে সার্চ কমিটি করে নির্বাচন কমিশন হয়। আওয়ামী লীগ সরকার নির্বাচন কমিশন গঠনের ক্ষেত্রে এ স্বচ্ছতা আনতে পেরেছে। গত দশ বছরে স্থানীয় সরকারের নির্বাচনগুলো মিলিয়ে প্রায় সাড়ে ছয় হাজার নির্বাচন হয়েছে এবং সেখানে মানুষ উৎসবের আমেজে ভোট দিয়েছে মন্তব্য করে তিনি বলেন, আপনি যদি যাচাই-বাছাই করেন, আপনাকে স্বীকার করতে হবে, অবশ্যই বর্তমানে ইলেকশন করার মত সুন্দর একটা পরিবেশ আছে এবং নির্বাচন কমিশন সে নির্বাচন করতে পারবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

**২। প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের ৭৩তম অধিবেশনে যোগদানসহ যুক্তরাষ্ট্রে সপ্তাহব্যাপী সরকারি সফর শেষে আজ সোমবার দেশে ফিরেছেন। নিউইয়র্কে থেকে প্রধানমন্ত্রীকে বহনকারী ব্রিটিশ এয়ারওয়েজের একটি ফ্লাইট গতকাল (৩০ সেপ্টেম্বর রোববার) স্থানীয় সময় সকাল সোয়া ৭টায় লন্ডনের হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার নাজমুল কাওনাইন বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। প্রধানমন্ত্রী সেখানে কয়েক ঘন্টা যাত্রাবিরতির পর বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইটে স্বদেশের উদ্দেশে লন্ডন ত্যাগ করেন। আজ সকাল ৯টা ২৫ মিনিটে ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৩। ইন্দোনেশিয়ায় সুনামিতে জীবন ও সম্পদহানিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্দোনেশিয়ায় সুলায়েজি দ্বীপে সাম্প্রতিক ভূমিকম্প পরবর্তী সুনামিতে প্রাণহানি এবং ব্যাপক ক্ষয়ক্ষতিতে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদোকে পাঠানো এক শোকবার্তায় রাষ্ট্রপতি বলেন, 'ইন্দোনেশিয়ায় সাম্প্রতিক ভূমিকম্প ও সুনামিতে কয়েকশ' লোকের প্রাণহানি ও সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতির কথা জেনে আমি গভীরভাবে মর্মাহত। বাংলাদেশের জনগণ ও সরকার আমার সাথে ইন্দোনেশিয়ার ভ্রাতৃপ্রতিম জনগণ ও সরকার বিশেষ করে যারা প্রিয়জন এবং পরিবারের সদস্যদের হারিয়েছেন এবং যাদের সহায়-সম্পদ ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের প্রতি গভীর শোক ও সংহতি প্রকাশ করছে।

ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদোর কাছে পাঠানো অপর এক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, নিখোঁজ ব্যক্তিদের সন্ধান এবং উদ্ধার অভিযানে সম্ভাব্য সকল সহযোগিতা দিতে বাংলাদেশ সার্বক্ষণিকভাবে প্রস্তুত রয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশাপ্রকাশ করেন, ইন্দোনেশিয়ার ঘুরে দাঁড়ানোর শক্তিসম্পন্ন জনগণ ধৈর্যের সঙ্গে এ কঠিন সময় মোকাবিলা করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৭)।

**৪। সরকার সবসময় দেশীয় শিল্পকে সুরক্ষা দিয়ে নীতি প্রণয়ন করে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, সরকারের সহযোগিতা ও শিল্পবান্ধব নীতির কারণে ওয়ালটনের মত প্রতিষ্ঠান তৈরি হচ্ছে। আওয়ামী লীগ সরকার সবসময় দেশীয় শিল্পকে সুরক্ষা দিয়ে নীতি প্রণয়ন করে। এ ধরনের প্রতিষ্ঠানকে এখন কাঁচামাল ছাড়া শিল্পের আর কোনো কিছু আমদানি করতে হয় না। এভাবেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের অর্থনীতি এগিয়ে যাচ্ছে। স্পেশাল ইকোনমিক জোনে একের পর এক শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে। গতকাল (৩০ সেপ্টেম্বর রোববার) গাজীপুরের চন্দ্রায় ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজের নতুন ফ্রিজ তৈরির প্রকল্প

উদ্বোধনশেষে সাংবাদিকদের এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ, ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।



**৫। নির্বাচন বানচালের ষড়যন্ত্র সফল হবে না : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম নির্বাচন বানচালের ষড়যন্ত্র পরিহার করে নির্বাচনে অংশগ্রহণের পথে আসতে বিএনপি'র প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, সংবিধান অনুযায়ী নির্বাচন হবে। নির্বাচন পরিচালনা করবে নির্বাচন কমিশন। নির্বাচন বানচালের ক্ষমতা কারও নেই। এক্ষেত্রে কোনো ষড়যন্ত্র সফল হবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭২তম জন্মদিন উপলক্ষে গতকাল (৩০ সেপ্টেম্বর রোববার) ইনস্টিটিউশন অভ্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে বঙ্গবন্ধু একাডেমি আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৬। ডিজিটাল নিরাপত্তা আইনের বিষয়ে সাংবাদিকদের উৎকণ্ঠা সরকার আমলে নিয়েছে : সম্পাদক পরিষদের সঙ্গে বৈঠকশেষে তথ্যমন্ত্রী**

ডিজিটাল নিরাপত্তা আইনের বিষয়ে সম্পাদক পরিষদের উদ্বেগ, উৎকণ্ঠা ও কতিপয় ধারা সম্পর্কে আপত্তি সরকার আমলে নিয়েছে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (৩০ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর সভাপতিত্বে এ আইনটির বিষয়ে সম্পাদক পরিষদের সঙ্গে এক বৈঠকশেষে সাংবাদিকদের তিনি একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৭। ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সচেতনতা বাড়াতে ডিএনসিসি'র রোড শো**

রাজধানীতে ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ সম্পর্কে জনসচেতনতা বাড়াতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) গতকাল (৩০ সেপ্টেম্বর রোববার) থেকে ৫ দিনব্যাপী বাউল ও জারি গানের মাধ্যমে রোড শো'র আয়োজন করেছে। এ কার্যক্রমটি আগামী পাঁচদিন যথাক্রমে ডিএনসিসির অঞ্চল ৫, ৩, ২, ৪ ও ১ এ অনুষ্ঠিত হবে। গতকাল কাওরান বাজারে ডিএনসিসির প্যানেলভুক্ত মেয়র আলেয়া সারোয়ার ডেইজি এ রোড শো'র উদ্বোধন করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **যুগান্তর** (পৃ.১৮,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৮। দেশের প্রথম নারী মেজর জেনারেল পদে পদোন্নতি পেলেন ডা. সুসানে গীতি**

বাংলাদেশ সেনাবাহিনী তথা সশস্ত্র বাহিনীর ইতিহাসে প্রথম নারী মেজর জেনারেল পদে পদোন্নতি পেলেন ডা. সুসানে গীতি। গতকাল (৩০ সেপ্টেম্বর রোববার) সেনা সদরদপ্তরে সেনাবাহিনীর প্রধান জেনারেল আজিজ আহমেদ ও কোয়ার্টার মাস্টার জেনারেল (কিউএমজি) মো. সামছুল হক তাঁকে মেজর জেনারেল র‍্যাঙ্ক ব্যাজ পরিয়ে দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নারীর ক্ষমতায়নে যে যুগান্তকারী পদক্ষেপ নিয়েছেন, সেনাবাহিনীতে নারী কর্মকর্তাকে মেজর জেনারেল হিসেবে পদোন্নতি প্রদানের মাধ্যমে সে পদক্ষেপের আরও একটি নতুন দিগন্তের সূচনা হলো। মেজর জেনারেল সুসানে গীতি ১৯৮৫ সালে রাজশাহী মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করেন। পরবর্তী সময়ে ১৯৮৬ সালে তিনি বাংলাদেশ সেনাবাহিনীতে নারী ডাক্তার হিসেবে ক্যাপ্টেন পদবিতে যোগ দেন। তিনি ১৯৯৬ সালে প্রথম নারী হিসেবে হেমাটোলজিতে এফসিপিএস ডিগ্রি অর্জন করেন। এ ছাড়া তিনি জাতিসংঘ শান্তিরক্ষী মিশন এবং বিভিন্ন সামরিক হাসপাতালে প্যাথলজি বিশেষজ্ঞের দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের প্যাথলজি বিভাগের প্রধান হিসেবে কর্মরত রয়েছেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

**৯। আন্তর্জাতিক প্রবীণ দিবস আজ**

আন্তর্জাতিক প্রবীণ দিবস আজ। জাতিসংঘের সকল রাষ্ট্র প্রতিবছরের এদিন যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করে। ১৯৯৯ সাল থেকে ১ অক্টোবর প্রবীণ দিবস পালিত হয়ে আসছে। জাতিসংঘের সদস্যভুক্ত সকল দেশের ন্যায় বাংলাদেশে যথাযথ গুরুত্ব ও মর্যাদায় আন্তর্জাতিক প্রবীণ দিবস-২০১৮ পালিত হচ্ছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য-'মানবাধিকার প্রতিষ্ঠায় প্রবীণদের স্মরণ পরম শ্রদ্ধায়'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**১০। বিশ্ব বসতি দিবস আজ**

আজ পহেলা অক্টোবর, বিশ্ব বসতি দিবস। জাতিসংঘের সিদ্ধান্ত মোতাবেক প্রতিবছর অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস পালন করা হয়। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও যথাযথ গুরুত্বের সঙ্গে বিশ্ব

বসতি দিবস পালন করা হচ্ছে। এ বছরে দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে- 'পৌর এলাকার কঠিন বর্জ্য ব্যবস্থাপনা'। দিবসটি উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বসতি দিবস উপলক্ষে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১১। অনূর্ধ্ব-১৮ সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপে পাকিস্তানকে ১৭-০ গোলে হারিয়েছে বাংলাদেশ**

ভুটানের থিম্পুতে অনুষ্ঠিত মেয়েদের ফুটবলে বাংলাদেশ ইতিহাস সৃষ্টি করেছে। বাংলাদেশ ১৭-০ গোলে পাকিস্তানকে হারিয়েছে। সাফ অনূর্ধ্ব-১৮ মেয়েদের ফুটবল এবারই প্রথম বার শুরু হয়েছে।



গতকাল (৩০ সেপ্টেম্বর রোববার) প্রথম খেলায় জয় পেয়ে সেমিফাইনালে উঠে গেছে বাংলাদেশ। এখন গ্রুপ চ্যাম্পিয়ন হওয়ার জন্য আগামীকাল নেপালের বিপক্ষে খেলবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**১২। বঙ্গবন্ধু গোল্ডকাপ আজ শুরু : বাংলাদেশ-লাওস প্রথম ম্যাচ**

সিলেটে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল উৎসব শুরু হতে যাচ্ছে আজ। বাংলাদেশ এবং লাওস ম্যাচ দিয়ে সিলেটে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবলের পঞ্চম আসরের পর্দা উঠতে যাচ্ছে। সিলেট স্টেডিয়ামে খেলা শুরু হবে আজ সন্ধ্যা সাড়ে ৬টায়। ছয় জাতির এ টুর্নামেন্টের খেলা হবে দুই গ্রুপে। এক গ্রুপে বাংলাদেশ, লাওস এবং ফিলিপাইন এবং অন্য গ্রুপে ফিলিস্তিন, নেপাল ও তাজিকিস্তান। ৯ ও ১০ অক্টোবর সেমিফাইনাল হবে কক্সবাজারে। ১২ অক্টোবর ঢাকায় ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.৭,ক.৬)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** ফসলের ক্ষেতে বালাইনাশকের যথেচ্ছ ব্যবহারে ভবিষ্যৎ প্রজন্মের দীর্ঘমেয়াদি স্বাস্থ্যঝুঁকির আশঙ্কায় নিয়ম করে বালাইনাশকের যথেচ্ছ ও ভুল প্রয়োগ বন্ধ করার সুপারিশ।

**খ.** **সংবাদ, ডেইলি স্টার :** সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে সরকারকে আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করার আহ্বান।

**গ.** **বণিক বার্তা :** বাংলাদেশ থেকে নারী ও শিশু পাচার বন্ধে কার্যকর উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সমকাল :** কুমিল্লা ও নারায়ণগঞ্জের দু'টি হাসপাতালে প্রসূতি ও নবজাতকের মৃত্যুর জন্য দায়ীদের কঠোর শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

**ঙ.** **প্রথম আলো :** বরগুনার বেতাগী উপজেলার গ্রাম আদালতের কার্যক্রমের সাফল্য তুলে ধরে এ দৃষ্টান্ত দেশের অন্য আদালতগুলোতেও অনুসরণ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **যুগান্তর :** শিক্ষাকে সার্টিফিকেটসর্বস্ব বাণিজ্যিক পণ্যে পরিণত করার বিষয়ে রাষ্ট্রপতির তাগিদ তুলে ধরে এ ব্যাপারে সরকারসহ সংশ্লিষ্ট সবাইকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**ছ.** **যায়যায়দিন :** আসন্ন নির্বাচনকে ঘিরে দেশব্যাপী জাল টাকার বিস্তার প্রতিরোধে এখনই কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**জ.** **ইন্ডিপেনডেন্ট :** কুমিল্লা মেডিকেল কলেজে শিক্ষক ও প্রশাসনিক জনবলের ঘাটতি থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় এ সংকট সমাধানে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান।

**ঝ.** **ডেইলি সান :** জাতিসংঘ সম্মেলনে বিশ্বনেতৃবৃন্দ প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বের যে প্রশংসা করেছেন সে বিষয়ে আলোকপাত করা হয়েছে।

**ঞ.** **ডেইলি স্টার :** বান্দরবানের আলিকদমে অবৈধভাবে গাছ কেটে ফেলায় স্থানীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীদের পানির সংকটে পড়ার আশঙ্কা করে ভিলেজ কমন ফরেস্ট (ভিসিএফ) সুরক্ষায় কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ট.** **নিউ নেশন :** লিবিয়া, সিরিয়া ও ইরাকে বাংলাদেশি মানব পাচার প্রতিরোধে সরকারকে ট্রাভেল এজেন্সি ও দালালদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের সকল কিশোর-কিশোরীর মানস গঠন ও উন্নয়নে প্রয়োজন গভীর, বলিষ্ঠ ও দীর্ঘমেয়াদি রাজনৈতিক ও প্রশাসনিক অঙ্গীকার ও কর্মপরিকল্পনা।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'সচেতনতা বাড়লে প্রবীণদের দুর্ভোগ কমবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আর্থিকভাবে অস্বচ্ছল প্রবীণ ব্যক্তিরাই পরিবার ও সমাজে তুলনামূলকভাবে বেশি অবহেলা কিংবা বঞ্চনার

শিকার হন।

#

শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা